2nd in-course (25 Class hrs.)	Insect Behaviour			
	1	Insect behaviour: Basic responses and pattern; of behaviour; Innate behaviour reflexes, kineses and taxes, learned behaviour, habituation, associative learning, latent learning, insight learning Behavioural Periodicity and clock, Functional aspect of behaviour Displacement, Orientation, navigation and homing.	MC	25
	2	Communication: Chemical communication audio-communication, visual communication, tactile, Interspecific Communication.		
	3	Reproduction: Mate location, Rivalry and Territoriality; courtship.		
	4	Host selection and feeding: Insect Selection by phytophagous insects, host selection by blood feeding insects, host selection by entomophagous insects.		
	5	Defence: Behavioural defense, structural defense, chemical defense coloration defense and group defense.		
Test (10 class hrs.)	Medical and Veterinary Entomology			
	1	General introduction, Biology life-history, host parasite relationship and control measures of the following; ticks, mites and fleas, Brief outline of the following insects and the diseases they carry: house flies, blow flies, tsetse flies and lice, Myiasis, Medical and veterinary importance of cockroaches, beetles, scorpions and spiders.	TH	10
	Impt.	Revision		

Books Recommended

1. A.D. Imms A General Text Book: Entomology Revised by O. W. Richards and R.G. Devis. The English Language Book Society and Mathucn & Co. Ltd. London.
2. Insect Physiology, Edited by K.D. oeder, John wiley and son, New york chapman & Hall, Limited London.
3. কীটতত্ত্ব- সুফিয়া কামাল।
8. কীটতত্ত্ব- নূরে পারভীন
৫. পতঙ্গ আচরন- জাহানারা বেগম।

Masters Final Year (Entomology) 2011-2012

Course Code : 3162

Course Title: Toxicology, Agricultural and Forest
Entomology and Pest Management

Marks 100, 60 Lectures, Class Duration : 1 Hour

Assigned Course Teacher:

1. Afroza Banu (AB)

2. Titonius Hembrom (TH)

Exam	Chap	Content	Teacher	Class hour
1st Class Test (25 Class hrs.)	Toxicology		AB	25
	1	Toxicology: Classification of toxic compounds: Inorganic insecticides; fluorine and sulfur compounds; method of use and mode of action of compound, Synthetic organic, insecticides; chlorinated hydrocarbons, organophosphate carbamates systematic insecticides for plants and animals.		
	2	Organic insecticides of plant origin: Pyrethrumes, nicotine rotenone source use and mode of action of these compounds.		
	3	Fumigants: Methyl bromide, HCN chloropicrin carbontetrachlor diethyl dibromide- use mode of action and general precautions to be followed in fumigation.		
	4	Miscellaneous chemicals: Attractants, repellents, antifeedants, chemosterilants insect growth regulators and synergistic compounds, Insecticides resistance including detoxification mechanism, Formulation of insecticides.		
2nd Class Test (25 Class hrs.)	Agricultural and Forest Entomology		TH	25
	1	List of pest behind to agricultural crops, stored grains, grains products, vegetables, fruits, forest trees and dried fish. Biology, life history, nature of damage and control measures of the major pests of the following: Jute- Jute stem weevil (<i>Apion</i>) and jute stem borer, Sugarcane- stem borer, Rice- Rice car-cutting, caterpillar, rice stem borer, Vegetable- Brinjal fruit and shoot borer, potato tuber worm. Fruit tree pest and fruit pest- Mango fruit borer, citrus leafminer.		
	2	Tea pest:		
	3	Forest tree/timber: Pest problems in forest nurseries, pests of stored grains and grain products: rice weevil, pulse beetles- <i>callosobruchus chinensis</i> and <i>Bruchus prisorum</i> .		

	4	Insect Pest Management: Concepts of pest, pest problems and pest management Forecasting pest attack/outbreak, Components of integrated pest managements (IPM) Sampling and Assesment of insect pest infestation in the field, insect pest Plant interactions and relationships.		
Test (10 class hrs.)				
	Impt.	Revision		10

Books Recommended

1. কীটতত্ত্ব- সুফিয়া কামাল।
2. কীটতত্ত্ব- নূরে পারভীন
3. বাংলাদেশের কৃষির অনিষ্টকারী পোকামাকড় জীবনবৃত্তান্ত ও নিয়ন্ত্রন (প্রথম খণ্ড) সম্পাদনায়- তৌহিত উদ্দিন আহমেদ এবং এ. এফ. এম. আব্দুল জলিল বাংলা একাডেমী ঢাকা।
8. Jute Pests of bangladesh. A. K. M. Fazlul kabir, Bangladesh Jute Research Institute.

জাতীয় বিশ্ববিদ্যালয়
জাতীয় বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২-এর ৪৬ নং ধারা মোতাবেক প্রণীত
ব্যাচেলর (অনার্স) ডিগ্রির সংশোধিত রেগুলেশন ২০০৯-২০১০
Bachelor of Honours Degree (Revised) Regulation 2009-2010
গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতি অনুযায়ী
(২০০৯-২০১০ শিক্ষাবর্ষ থেকে কার্যকর)

১. প্রোগ্রামের মেয়াদ:

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ব্যাচেলর (অনার্স) ডিগ্রি প্রোগ্রামে প্রতিটি বিষয় ৪ বছর মেয়াদি সমন্বিত কোর্স (Integrated Course) হিসেবে বিবেচিত হবে।
- (খ) কোর্সসমূহকে চারটি একাডেমিক বর্ষে বিভক্ত করে পাঠদান সম্পন্ন করা হবে, যেমন: ১ম বর্ষ, ২য় বর্ষ, ৩য় বর্ষ ও ৪র্থ বর্ষ।
- (গ) এই প্রোগ্রামের শিক্ষাবর্ষ হবে জুলাই-জুন। সংশ্লিষ্ট বিষয়ের সিলেবাস অনুযায়ী প্রতি শিক্ষাবর্ষে ক্লাস শুরু পর থেকে মোট ৩০ সপ্তাহ পাঠদান, ৪ সপ্তাহ পরীক্ষার প্রস্তুতি, ৬ সপ্তাহ বার্ষিক পরীক্ষা কার্যক্রম চলবে। অবশিষ্ট সময়ের মধ্যে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে। প্রতি বর্ষের পরীক্ষা শেষ হওয়ার ২ সপ্তাহ পর পরবর্তী বর্ষের ক্লাস শুরু হবে এবং এ জন্য ছাত্র-ছাত্রীদেরকে কলেজে নতুন বর্ষের জন্য প্রবেশনাল ছাত্র হিসেবে তালিকাভুক্ত হতে হবে।
- (ঘ) বার্ষিক কোর্স ভিত্তিক পরীক্ষা এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে এই প্রোগ্রাম পরিচালিত হবে। গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ (GPA) ও সিজিপিএ (CGPA) হিসেবে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে।

২. ডিগ্রী (অনার্স) প্রোগ্রাম ও বিষয়সমূহ:

উক্ত প্রোগ্রামে বিষয় ভিত্তিক চারটি শাখায় ব্যাচেলর অনার্স প্রোগ্রাম যথাক্রমে ব্যাচেলর অব আর্টস (বিএ) অনার্স, ব্যাচেলর অব সোশাল সায়েন্স (বিএসএস) অনার্স, ব্যাচেলর অব বিজনেস এডমিনিস্ট্রেশন (বিবিএ) অনার্স এবং ব্যাচেলর অব সায়েন্স (বিএসসি) অনার্স ডিগ্রী প্রদান করা হবে। বিভিন্ন ব্যাচেলর (অনার্স) প্রোগ্রামের অন্তর্ভুক্ত বিষয়সমূহ নিম্নরূপ:

(ক) বিএ (অনার্স) (Bachelor of Arts):

- | | |
|------------|------------------------------|
| ১) বাংলা | ৭) দর্শন |
| ২) ইংরেজি | ৮) ইসলামী শিক্ষা |
| ৩) আরবি | ৯) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি |
| ৪) পালি | ১০) লাইব্রেরি ও তথ্য বিজ্ঞান |
| ৫) সংস্কৃত | ১১) বি.এড |
| ৬) ইতিহাস | |

(খ) বিএসএস (অনার্স) (Bachelor of Social Science):

- | | |
|-------------------|----------------|
| ১) অর্থনীতি | ৪) সমাজবিজ্ঞান |
| ২) রাষ্ট্রবিজ্ঞান | ৫) নৃ-বিজ্ঞান |
| ৩) সমাজকর্ম | |

(গ) বিবিএ (অনার্স) (Bachelor of Business Administration):

- | |
|----------------------------|
| ১) ব্যবস্থাপনা |
| ২) হিসাববিজ্ঞান |
| ৩) মার্কেটিং |
| ৪) ফিন্যান্স এন্ড ব্যাংকিং |

(ঘ) বিএসসি (অনার্স): (Bachelor of Science):

- | | |
|-------------------|-------------------------|
| ১) রসায়ন | ৮) ভূগোল ও পরিবেশ |
| ২) পদার্থ বিজ্ঞান | ৯) পরিবেশ বিজ্ঞান |
| ৩) গণিত | ১০) মনোবিজ্ঞান |
| ৪) পরিসংখ্যান | ১১) মুক্তিকা বিজ্ঞান |
| ৫) উদ্ভিদবিজ্ঞান | ১২) গার্হস্থ্য অর্থনীতি |
| ৬) প্রাণিবিজ্ঞান | ১৩) কম্পিউটার বিজ্ঞান |
| ৭) প্রাণ রসায়ন | |

৩. ভর্তির যোগ্যতা:

- (ক) বাংলাদেশের কোন শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক/আলিম বা দেশ বিদেশের সমমানের পরীক্ষায় পাশ করা শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়ম-কানুন ও শর্ত অনুযায়ী ব্যাচেলর (অনার্স) প্রোগ্রামে পূর্ণকালীন ছাত্র/ছাত্রী হিসেবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজে ভর্তি হতে পারবে।
- (খ) বিশ্ববিদ্যালয়ের ভর্তির শর্তাবলি পূরণ করলে এবং সংশ্লিষ্ট বিষয়/ইউনিটের ভর্তি পরীক্ষায় কৃতকার্য হলে শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজে/প্রতিষ্ঠানে মেধা স্কোরের ভিত্তিতে ভর্তি হতে পারবে।

৪. রেজিস্ট্রেশন :

- (ক) পূর্ণকালীন ছাত্র/ছাত্রী হিসেবে বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী একজন শিক্ষার্থী কেবলমাত্র একটি বিষয়ে ভর্তি হতে পারবে।
- (খ) একজন শিক্ষার্থীকে সর্বোচ্চ ৬ (ছয়) শিক্ষাবর্ষের মধ্যে ব্যাচেলর অব অনার্স কোর্স সম্পন্ন করে ডিগ্রি অর্জন করতে হবে।

৫. বিষয় পরিবর্তন:

- ভর্তি হওয়ার পর বিষয় পরিবর্তনে ইচ্ছুক শিক্ষার্থী জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে ব্যাচেলর (অনার্স) ডিগ্রির বিষয় পরিবর্তন করতে পারবে। এ জন্য তাকে ভর্তিকৃত বিষয়ের বিভাগীয় প্রধান ও পরিবর্তনে ইচ্ছুক বিষয়ের বিভাগীয় প্রধানদের সুপারিশসহ অধ্যক্ষের মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। বিষয় পরিবর্তনের জন্য নির্ধারিত ফি কলেজ কর্তৃক বিশ্ববিদ্যালয়ে জমা দিয়ে অনুমতি নিতে হবে।

৬. পুনঃ ভর্তি:

- একজন শিক্ষার্থীর সকল তত্ত্বীয়/ব্যবহারিক/হিন-কোর্স/মাঠকর্ম কোর্স ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। পরীক্ষায় অংশগ্রহণে ব্যর্থ শিক্ষার্থী এবং ফলাফলে অকৃতকার্য পরীক্ষার্থী ফলাফল প্রকাশের ১ (এক) মাসের মধ্যে পুনঃ ভর্তি হতে পারবে। উভয় ক্ষেত্রেই তারা অনিয়মিত শিক্ষার্থী হিসেবে গণ্য হবে। একজন শিক্ষার্থী একই বর্ষে একবারের বেশি এবং পুরো কোর্সের মেয়াদে দুবারের বেশি পুনঃ ভর্তির সুযোগ পাবে না। পুনঃ ভর্তির ক্ষেত্রে তার পূর্বের রেজিস্ট্রেশন নম্বর বহাল থাকবে।

৭. কোর্সেস ও ক্রেডিট-ঘন্টা (Courses & Credit-hour):

- ক্রেডিট আওয়ারের ভিত্তিতে কোর্সসমূহ পরিচালিত হবে। প্রতি সপ্তাহে পাঠদানের জন্য ব্যয়িত ক্লাস ঘণ্টাকে ক্রেডিট হিসেবে গণ্য করা হবে। তত্ত্বীয় কোর্স সমূহের জন্য ৪৫ মিনিটের একটি ক্লাসকে এক ক্লাস ঘণ্টা ধরা হবে। এবং ১৫ (পনের) ক্লাস ঘণ্টাকে ১ (এক) ক্রেডিট হিসেবে গণনা করা হবে।

তত্ত্বীয় ও ব্যবহারিক কোর্সের জন্য নিম্নে বর্ণিত ক্লাস ঘণ্টা অনুসরণ করা হবে:

ক) তত্ত্বীয় কোর্স (Theoretical Course):

১০০ নম্বর কোর্সের ৬০ ক্লাস-ঘণ্টা (Class Hour) = ৪ ক্রেডিট।

৫০ নম্বর কোর্সের ৩০ ক্লাস-ঘণ্টা (Class Hour) = ২ ক্রেডিট।

খ) ব্যবহারিক/মাঠকর্ম কোর্স: ব্যবহারিক/মাঠকর্ম কোর্সের জন্য নিম্নোক্ত ক্লাস ঘণ্টা অনুসরণ করা হবে।

১০০ নম্বরের ৩০ টি ব্যবহারিক ক্লাসের জন্য (৩০ × ৩) = ৯০ ক্লাস-ঘণ্টা = ৪ ক্রেডিট।

৫০ নম্বরের ১৫ টি ব্যবহারিক ক্লাসের জন্য (১৫ × ৩) = ৪৫ ক্লাস-ঘণ্টা = ২ ক্রেডিট।

প্রতিটি কোর্সের জন্য সপ্তাহে ৩ ক্লাস ঘণ্টার (৪৫ × ৩) বা ১৩৫ মিনিটের ২টি ব্যবহারিক ক্লাস অনুষ্ঠিত হবে।

গ) মৌখিক পরীক্ষা:

১০০ নম্বরের মৌখিক পরীক্ষা = ৪ ক্রেডিট

৫০ নম্বরের মৌখিক পরীক্ষা = ২ ক্রেডিট

৮. প্রোগ্রাম ভিত্তিক ক্রেডিট ও নম্বর বন্টন (২০১৩-১৪ শিক্ষাবর্ষ থেকে কার্যকর):

- ক) i) বিএ (অনার্স) মোট ৩১০০ নম্বর (৩০০০ নম্বর অর্থাৎ ১২০ ক্রেডিট + ১০০ নম্বর ইংরেজি নন ক্রেডিট)।
ii) বিএসএস (অনার্স) মোট ৩১০০ নম্বর (৩০০০ নম্বর অর্থাৎ ১২০ ক্রেডিট + ১০০ নম্বর ইংরেজি নন ক্রেডিট)।
iii) বিবিএ (অনার্স) মোট ৩১০০ নম্বর অর্থাৎ ১২৪ ক্রেডিট।
iv) বিএসসি (অনার্স) মোট ৩৩০০ নম্বর (৩২০০নম্বর অর্থাৎ ১২৮ ক্রেডিট + ১০০ নম্বর ইংরেজি নন ক্রেডিট)।

(i) Bachelor of Arts B.A (Honours) Degree:

বর্ষ	সম্মান তত্ত্বীয় কোর্স নম্বর	অনুসঙ্গী তত্ত্বীয় কোর্স নম্বর (Allied)	ইংরেজি বাধ্যতামূলক নন-ক্রেডিট	মৌখিক	স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস	মোট নম্বর	মোট ক্রেডিট
১ম	৪০০	১০০		--	১০০	৬০০	২৪
২য়	৪০০	২০০	১০০	--	--	৬০০ + ১০০	২৪
৩য়	৮০০	--		--	--	৮০০	৩২
৪র্থ	৯০০	--		১০০	--	১০০০	৪০
মোট	২৫০০	৩০০	১০০	১০০	১০০	৩১০০	১২০

বিঃ দ্রঃ ইংরেজি (সম্মান) বিষয়ে ১০০ নম্বর ননক্রেডিট ইংরেজি বাধ্যতামূলক নয়। উক্ত বিষয়ে মোট ৩০০০ নম্বর অর্থাৎ ১২০ ক্রেডিট।

(ii) Bachelor of Social Science B.S.S (Honours) Degree:

বর্ষ	সম্মান তত্ত্বীয় কোর্স নম্বর	অনুসঙ্গী তত্ত্বীয় কোর্স নম্বর (Allied)	ইংরেজি বাধ্যতামূলক নন-ক্রেডিট	মৌখিক	স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস	মোট নম্বর	মোট ক্রেডিট
১ম	৪০০	১০০		--	১০০	৬০০	২৪
২য়	৪০০	২০০	১০০	--	--	৬০০+১০০	২৪
৩য়	৮০০	--		--	--	৮০০	৩২
৪র্থ	৯০০	--		১০০	--	১০০০	৪০
মোট	২৫০০	৩০০	১০০	১০০	১০০	৩১০০	১২০

(iii) Bachelor of Business Administration B.B.A (Honours) Degree:

বর্ষ	সমন্বিত সম্মান কোর্স নম্বর	মৌখিক	স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস	মোট নম্বর	মোট ক্রেডিট
১ম	৫০০	--	১০০	৬০০	২৪
২য়	৭০০	--	--	৭০০	২৮
৩য়	৮০০	--	--	৮০০	৩২
৪র্থ	৯০০	১০০	--	১০০০	৪০
মোট	২৯০০	১০০	১০০	৩১০০	১২৪

(iv) Bachelor of Science B.Sc (Honours) Degree:

বর্ষ	সম্মান কোর্স নম্বর (তত্ত্বীয় +ব্যবহারিক)	অনুসঙ্গী কোর্স নম্বর (তত্ত্বীয় +ব্যবহারিক)/তত্ত্বীয়	ইংরেজি বাধ্যতামূলক নন-ক্রেডিট	মৌখিক	স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস	মোট নম্বর	মোট ক্রেডিট
১ম	৩০০	১৫০+১৫০ = ৩০০	-	-	১০০	৭০০	২৮
		১০০+১০০+১০০=৩০০					
২য়	৪০০	১৫০+১৫০ = ৩০০	১০০	-	-	৭০০ + ১০০	২৮
		১০০+১০০+১০০=৩০০					
৩য়	৮০০	-	-	-	-	৮০০	৩২
৪র্থ	৯০০	-	-	১০০	-	১০০০	৪০
মোট	২৪০০	৬০০	১০০	১০০	১০০	৩৩০০	১২৮

বিশেষ দৃষ্টব্য:

“স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস” শিরোনামে বিষয়টি স্নাতক (সম্মান ও পাস) শ্রেণির সকল প্রোগ্রামের জন্য বাধ্যতামূলক বিষয় হিসেবে সিলেবাসে অন্তর্ভুক্ত করা হয়েছে। বিষয়টি ২০১৩-১৪ শিক্ষাবর্ষ থেকে ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির সিলেবাসে অন্তর্ভুক্ত থাকবে। ২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২ ও ২০১২-১৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তিকৃতদের জন্য উক্ত বিষয়টি ৪র্থ বর্ষে সিলেবাসে অন্তর্ভুক্ত থাকবে। ২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২ ও ২০১২-১৩ শিক্ষাবর্ষে

স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তিকৃতদের জন্য পূর্বের রেগুলেশনে উল্লিখিত ধারা-৮, প্রোগ্রাম ভিত্তিক মোট ক্রেডিট ও নম্বরবন্টন অপরিবর্তিত থাকবে।

(খ) **অনুষঙ্গী কোর্স:**

অনার্স বিষয়ের সাথে অনুষঙ্গী কোর্স (Allied Course) হিসেবে ২ বা তার অধিক কোর্স নির্বাচন করতে হবে।

(গ) **আবশ্যিক ইংরেজি নন-ক্রেডিট কোর্স**

ইংরেজি অনার্স ও বিবিএ অনার্সের ছাত্র-ছাত্রী ব্যতীত ব্যাচেলর অব অনার্স ডিগ্রি প্রোগ্রামের সকল বিষয়ের শিক্ষার্থীদের জন্য ১০০ নম্বরের নন-ক্রেডিট ইংরেজি বিষয় বাধ্যতামূলক থাকবে এবং ইংরেজি বিষয়ে অবশ্যই পাস করতে হবে অন্যথায় অনার্স ডিগ্রি প্রাপ্ত হবে না। ২য় বর্ষে পঠিত উক্ত বিষয়ের পরীক্ষা ২য় বর্ষ অনার্স পরীক্ষার সাথে অনুষ্ঠিত হবে। উক্ত নন-ক্রেডিট বিষয়ে পাশ নম্বর ৪০।

(ঘ) **বিবিএ (অনার্স) এর সকল বিষয়ের ছাত্র-ছাত্রীদের জন্য নন ক্রেডিট ১০০ নম্বরের ইংরেজি কোর্সের পরিবর্তে ২য় বর্ষে ১০০ নম্বরের Business Communication & Report Writing (In English) শিরোনামে ৪ ক্রেডিটের একটি কোর্স থাকবে।**

৯. পরীক্ষার সময়কাল:

তত্ত্বীয় কোর্স : ১০০ নম্বরের ৪ ক্রেডিট কোর্সের জন্য ৪ ঘণ্টা।

৫০ নম্বরের ২ ক্রেডিট কোর্সের জন্য ২.৫ ঘণ্টা।

৩য় ও ৪র্থ বর্ষে ৮০ নম্বরের পরীক্ষার জন্য ৪ ঘণ্টা।

৩য় ও ৪র্থ বর্ষে ৪০ নম্বরের পরীক্ষার জন্য ২.৫ ঘণ্টা।

ব্যবহারিক কোর্স : ১০০ নম্বরের ৪ ক্রেডিট কোর্সের জন্য ৬-১০ ঘণ্টা (সংশ্লিষ্ট সিলেবাসে নির্ধারণ করা থাকবে)।

৫০ নম্বরের ২ ক্রেডিট কোর্সের জন্য ৩-৬ ঘণ্টা (সংশ্লিষ্ট সিলেবাসে নির্ধারণ করা থাকবে)।

১০. উত্তরপত্র মূল্যায়ন পদ্ধতি:

- ইংরেজি ব্যতীত প্রতিটি তত্ত্বীয় কোর্সের উত্তরপত্র ১ম ও ২য় পরীক্ষাক দ্বারা মূল্যায়ন হবে। ১ম ও ২য় পরীক্ষকের প্রদত্ত গড় নম্বর চূড়ান্ত নম্বর হিসেবে গণ্য হবে।
- অভ্যন্তরীণ ও বহিরাগত পরীক্ষক দ্বারা ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা পরিচালিত হবে। পরীক্ষকগণ পরীক্ষা চলাকালীন সময়ে ছাত্র-ছাত্রীদের পরীক্ষণ মূল্যায়ন সম্পন্ন করবেন। ব্যবহারিক পরীক্ষার অভ্যন্তরীণ মূল্যায়নকৃত নম্বর ও পরীক্ষায় প্রাপ্ত নম্বর যোগ করে মোট প্রাপ্ত নম্বর ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন হবার অব্যবহতি পরে তার ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করতে হবে।
- বিএসএস এবং বিবিএ এর ক্ষেত্রে ২য় বর্ষের ৫০ নম্বরের মৌখিক পরীক্ষা ও টার্ম পেপারের গাইড লাইন (সংযুক্ত) অনুসারে অভ্যন্তরীণ পরীক্ষক দ্বয়ের মূল্যায়নকৃত টার্ম পেপারের ৫০ নম্বর অর্থাৎ (৫০+৫০) = ১০০ নম্বর হতে প্রাপ্ত মোট নম্বর মৌখিক পরীক্ষার কোড নম্বরে নির্দেশ মোতাবেক অনলাইনে প্রেরণ করতে হবে ও হার্ডকপি সংশ্লিষ্ট উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে জমা দিতে হবে। মৌখিক পরীক্ষা ও টার্ম পেপারের পাশ নম্বর পৃথকভাবে ৪০%।

২. পাঠদান ও পরীক্ষার মাধ্যম:

পাঠদানের মাধ্যম হবে বাংলা অথবা ইংরেজি। পরীক্ষার উত্তরপত্রে বাংলা অথবা ইংরেজি ভাষার যে কোন একটি মাধ্যমে লিখতে হবে। উদ্ধৃতি ও টেকনিক্যাল শব্দ ব্যতীত একই কোর্সের উত্তরপত্রে বাংলা ইংরেজির মিশ্রণ গ্রহণযোগ্য নয়। তবে ভাষা সাহিত্যের বিষয় সমূহের ক্ষেত্রে পাঠদান ও পরীক্ষার মাধ্যম সংশ্লিষ্ট ভাষায় হবে।

১২. পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা:

- ব্যাচেলর (অনার্স) পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা হিসাবে মোট লেকচার ক্লাস/ ব্যবহারিক ক্লাসের ৭৫% উপস্থিতি থাকতে হবে। বিশেষ ক্ষেত্রে অধ্যক্ষ/ বিভাগীয় প্রধানের সুপারিশের ভিত্তিতে উপস্থিতি ৭৫%-এর কম এবং ৬০% বা তার বেশি থাকলে তা বিবেচনার জন্য সুপারিশ করতে পারবেন। ৭৫% এর কম উপস্থিতির জন্য পরীক্ষার্থীকে পরীক্ষার ফরম পূরণের সময় ৫০০ (পাঁচশত) টাকা নন-কলেজিয়েট ফি অবশ্যই জমা দিতে হবে।
- পরীক্ষার জন্য প্রেরিত পরীক্ষার্থীদের আবেদনপত্রে অধ্যক্ষ/ বিভাগীয় প্রধান প্রত্যয়ণ করবেন যে-
 - পরীক্ষার্থীর আচরণ সন্তোষজনক ;
 - লেকচার ক্লাসে, ব্যবহারিক ক্লাসে, ইন-কোর্স ও মাঠ পর্যায়ে তার উপস্থিতি সন্তোষজনক ;
 - পরীক্ষার্থী কলেজের সকল অভ্যন্তরীণ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক আরোপিত সকল শর্ত পূরণ করেছে।

১৩. গ্রেডিং সিস্টেম (Grading System):

উত্তরপত্র নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হবে। একজন পরীক্ষার্থীর তত্ত্বীয়, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের লেটার গ্রেড (Letter Grade) ও গ্রেড পয়েন্ট (Grade Point) রূপান্তর করা হবে। পরীক্ষার্থীর ফলাফল মূল্যায়নের জন্য নিম্নলিখিত লেটার গ্রেড ও corresponding গ্রেড পয়েন্ট থাকবে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রদত্ত অভিন্ন গ্রেডিং পদ্ধতি অনুযায়ী গাণিতিক (numerical) নম্বর, লেটার গ্রেড ও গ্রেড পয়েন্ট হবে নিম্নরূপ:

Numerical Grade	Letter Grade (LG)	Grade Point (GP)
80% or above	A+ (Plus)	4.00
75% to less than 80%	A (Plain)	3.75
70% to less than 75%	A- (Minus)	3.50
65% to less than 70%	B+ (Plus)	3.25
60% to less than 65%	B (Plain)	3.00
55% to less than 60%	B- (Minus)	2.75
50% to less than 55%	C+ (Plus)	2.50
45% to less than 50%	C (Plain)	2.25
40% to less than 45%	D (Plain)	2.00
<40% (less than 40%)	F (Fail)	0.00

পাশ নম্বর:

কোর্সের নম্বর	১০০ (৪ ক্রেডিট)	৫০ (২ ক্রেডিট)
পাস নম্বর	৪০	২০
গণনাযোগ্য ক্রেডিট	D	D

১৪. উত্তীর্ণ গ্রেড:

ছাত্র-ছাত্রীদের সকল নির্ধারিত কোর্সে (তত্ত্বীয় ও ব্যবহারিক) এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। ছাত্র-ছাত্রীদেরকে সকল নির্ধারিত কোর্সে ও মৌখিক পরীক্ষায় ৪০% বা D গ্রেড বা গ্রেড পয়েন্ট ২ পেয়ে পাস করতে হবে। যে সকল কোর্সে D বা তদূর্ধ্ব গ্রেড অর্জিত হবে শুধুমাত্র সে কোর্সগুলোর ক্রেডিট ফলাফলের গণনায় আনা হবে। Non-Credit ইংরেজি বিষয়ের প্রাপ্ত গ্রেড GPA গণনায় নেয়া হবে না।

১৫. জিপিএ (GPA) এবং সিজিপিএ (CGPA) নির্ণয়:

নির্দিষ্ট কোর্সে প্রাপ্ত গ্রেড পয়েন্টকে উক্ত কোর্সের ক্রেডিট দ্বারা গুণ করে এ কোর্সে অর্জিত পয়েন্ট (EPS) নির্ধারণ করা হবে। উক্ত বছরে সকল কোর্সে অর্জিত মোট পয়েন্টকে মোট অর্জিত ক্রেডিট দ্বারা ভাগ করে এক বছরের জিপিএ (GPA) নিরূপণ করা হবে। এভাবে সকল বছরে অর্জিত মোট পয়েন্ট সমূহকে যোগ করে সর্বমোট অর্জিত ক্রেডিট দ্বারা ভাগ করে সিজিপিএ (CGPA) নির্ধারণ করা হবে। D এর নিচে প্রাপ্ত গ্রেডের জন্য কোন ক্রেডিট অর্জিত হবে না এবং তা F (Fail) গ্রেড বলে বিবেচিত হবে। F গ্রেড থেকে উচ্চতর গ্রেডে উন্নীত হলে অর্জিত ক্রেডিট CGPA গণনায় যুক্ত হবে। F গ্রেড উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে মানোন্নয়নের আর সুযোগ থাকবে না।

জিপিএ গণনার পদ্ধতি :

$$GPA = \frac{\sum PS \text{ (Total Point Secured in a year)}}{\sum CR \text{ (Total Credits offered in a year)}}$$

Example: Grade Point Average (GPA) Calculation for a year

Course Code No	No. of credits	Marks Obtained (%)	Letter grade (LG)	Earned Grade points (EGP)	Earned Points Secured (EPS)= No of Credits X Grade Point
2011	4	70	A-	3.50	14.00
2012	4	65	B+	3.25	13.00
2013	4	60	B	3.00	12.00
2014	4	34	F	0.00	00.00
2015	4	55	B-	2.75	11.00
2016	2	50	C+	2.50	05.00
2017	4	45	C	2.25	09.00
Total	26	-	-	-	64.00

Total Point Secured (TPS) = 64

Earned Credit (EC) = 22(4+4+4+0+4+2+4=22)

SGPA = TPS/EC = 64/22 = 2.90

সিঁজিপিএ গণনার পদ্ধতি :

$$CGPA = \frac{ETPS \text{ of (1st year+ 2nd year + 3rd year + 4th year) + Earned Grade Point/Points}}{\text{Total number of credits completed in the whole programme}}$$

১৬. উচ্চতর শ্রেণিতে প্রমোশন (১ম বর্ষ হতে ৪র্থ বর্ষে):

- ক) থ্রেডিং পদ্ধতির সম্মান পরীক্ষায় BA, BSS এবং BBA এর ক্ষেত্রে ১ম বর্ষ থেকে ২য় বর্ষে প্রমোশনের জন্য কমপক্ষে ৩টি তত্ত্বীয় কোর্সে ন্যূনতম D গ্রেড পেতে হবে। ২য় বর্ষ থেকে ৩য় বর্ষে ন্যূনতম ৩টি তত্ত্বীয় কোর্সে D গ্রেড পেতে হবে। ৩য় বর্ষ থেকে ৪র্থ বর্ষে প্রমোশনের জন্য ন্যূনতম ৪টি তত্ত্বীয় কোর্সে D গ্রেড পেতে হবে। B.Sc এর ক্ষেত্রে ১ম বর্ষ থেকে ২য় বর্ষে প্রমোশনের জন্য ন্যূনতম ৩টি তত্ত্বীয় কোর্সে ন্যূনতম D গ্রেড পেতে হবে। ২য় বর্ষ থেকে ৩য় বর্ষে প্রমোশনের জন্য ন্যূনতম ৩টি তত্ত্বীয় কোর্সে ন্যূনতম D গ্রেড পেতে হবে। ৩য় বর্ষ থেকে ৪র্থ বর্ষে প্রমোশনের জন্য ন্যূনতম ৪টি তত্ত্বীয় কোর্সে ন্যূনতম D গ্রেড পেতে হবে।
- খ) ১টি কোর্সে অনুপস্থিত থেকে শিক্ষার্থী অন্যান্য সকল কোর্সে অংশগ্রহণ করে ন্যূনপক্ষে সকল কোর্সে D গ্রেড পেলে পরবর্তী বর্ষে প্রমোশন পাবে। পরবর্তী বছরে অনুষ্ঠিত পরীক্ষায় অনুপস্থিত বিষয়ে অংশগ্রহণ করে ন্যূনতম D গ্রেড অর্জন করতে হবে।
- গ) একজন শিক্ষার্থী কোন বর্ষে ক-উপধারায় উল্লিখিত তত্ত্বীয় কোর্সে প্রমোশনের জন্য ন্যূনতম গ্রেড পয়েন্ট অর্জনে ব্যর্থ হলে সে Not Promoted হবে। পরবর্তী বছরে অনুষ্ঠিত উক্ত বর্ষের পরীক্ষায় শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষা দিতে হবে না। একই বর্ষে পর পর অনুষ্ঠিত দু'বছরের প্রাপ্ত ফলাফল ক-উপধারার শর্ত পূরণ করলে একজন শিক্ষার্থী পরবর্তী বর্ষে প্রমোশন পাবে। তবে প্রযোজ্য ক্ষেত্রে পরবর্তী বর্ষে প্রমোশন পাওয়ার পর নিয়মানুসারে গ্রেড উন্নীত করার সুযোগ থাকবে।
- ঘ) একজন শিক্ষার্থী ক-উপধারার শর্ত পূরণ সাপেক্ষে ১ম বর্ষ থেকে ২য় বর্ষে প্রমোশন পাবে, ২য় বর্ষে অধ্যয়নরত অবস্থায় ১ম বর্ষের F গ্রেড সমূহকে উচ্চতর গ্রেডে উন্নীত করার সুযোগ পাবে। তবে ২য় বর্ষের পরীক্ষায় প্রমোশনের জন্য ক-উপধারার ন্যূনতম শর্তপূরণ করতে হবে। উক্ত শর্তপূরণে ব্যর্থ হলে ৩য় বর্ষে প্রমোশন পাবে না। একই ভাবে ৩য় বর্ষে অধ্যয়নরত অবস্থায় প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষার্থী ১ম ও ২য় বর্ষের F গ্রেড সমূহকে উচ্চতর গ্রেডে উন্নীত করার সুযোগ পাবে। তবে ৩য় বর্ষের পরীক্ষায় প্রমোশনের জন্য ক-উপধারার ন্যূনতম শর্তপূরণ করতে হবে। উক্ত শর্তপূরণে সে ব্যর্থ হলে ৪র্থ বর্ষে প্রমোশন পাবে না।

১৭. কোর্স ভিত্তিক নম্বর বণ্টন:

২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ থেকে স্নাতক (সম্মান) শ্রেণির সকল প্রোগ্রামের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষের প্রত্যেক তত্ত্বীয় কোর্সের প্রতি ১০০ নম্বরের মধ্যে ইন-কোর্স ও ক্লাসে উপস্থিতির ক্ষেত্রে নম্বর হবে ২০ (১৫+৫) এবং তত্ত্বীয় ফাইনাল পরীক্ষার ক্ষেত্রে নম্বর হবে ৮০। প্রত্যেক বর্ষের ক্লাস শুরু থেকে ১৫ সপ্তাহের মধ্যে প্রতিটি কোর্সের অর্ধেক পাঠ্যসূচি শেষ করে পঠিত অংশের উপর কোর্স শিক্ষককে একটি ইন-কোর্স পরীক্ষা গ্রহণ করতে হবে। একইভাবে পরবর্তী ১৫ সপ্তাহের মধ্যে পাঠ্যসূচির বাকী অর্ধেক শেষ করে এ অংশের উপর আর একটিসহ মোট ২টি ইন-কোর্স পরীক্ষা গ্রহণ করতে হবে। অভ্যন্তরীণভাবে উত্তরপত্র মূল্যায়ন করে ইন-কোর্স ও ক্লাস উপস্থিতিতে প্রাপ্ত মোট নম্বরপত্রের এক কপি জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট উপ-পরীক্ষা নিয়ন্ত্রক এর নিকট প্রেরণ করতে হবে এবং এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য বর্তমানে অধ্যয়নরত ২০০৯-১০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য ৩য় ও ৪র্থ বর্ষের প্রত্যেক তত্ত্বীয় কোর্সের প্রতি ১০০ নম্বরের মধ্যে ইন-কোর্স ও ক্লাসে উপস্থিতির ক্ষেত্রে নম্বর হবে ২০ (১৫+৫) এবং তত্ত্বীয় ফাইনাল পরীক্ষার ক্ষেত্রে নম্বর হবে ৮০। ২০১০-১১ ও ২০১১-১২ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য ২য়, ৩য় ও ৪র্থ বর্ষের প্রত্যেক তত্ত্বীয় কোর্সের প্রতি ১০০ নম্বরের মধ্যে ইন-কোর্স ও ক্লাসে উপস্থিতির ক্ষেত্রে নম্বর হবে ২০ (১৫+৫) এবং তত্ত্বীয় ফাইনাল পরীক্ষার ক্ষেত্রে নম্বর হবে ৮০। ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষের প্রত্যেক তত্ত্বীয় কোর্সের প্রতি ১০০ নম্বরের মধ্যে ইন-কোর্স ও ক্লাসে উপস্থিতির ক্ষেত্রে নম্বর হবে ২০ (১৫+৫) এবং তত্ত্বীয় ফাইনাল পরীক্ষার ক্ষেত্রে নম্বর হবে ৮০। বিভিন্ন শিক্ষাবর্ষের (যাদের জন্য প্রযোজ্য) ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষের ইন-কোর্স ও ক্লাসে উপস্থিতির ২০ নম্বরের মধ্যে ২টি ইন-কোর্স পরীক্ষা ১৫ নম্বরে এবং ক্লাসে উপস্থিতি ৫ নম্বরের মধ্যে মূল্যায়ন করতে হবে। তত্ত্বীয় প্রতি ৫০ নম্বরের কোর্সে ইন-কোর্স ও ক্লাসে উপস্থিতির ক্ষেত্রে নম্বর হবে ১০ (৭ নম্বর ইন-কোর্স এবং ৩ নম্বর ক্লাসে উপস্থিতি) এবং তত্ত্বীয় ফাইনাল পরীক্ষার ক্ষেত্রে নম্বর হবে ৪০।

ক্লাসে উপস্থিতির ভিত্তিতে নম্বর বণ্টন হবে নিম্নরূপ:

Attendance range (in percent)	Marks
90% or above	5.00
85% to less than 90%	4.50
80% to less than 85%	4.00
75% to less than 80%	3.50
70% to less than 75%	3.00
65% to less than 70%	2.50
60% to less than 65%	2.00
55% to less than 60%	1.50
50% to less than 55%	1.00
45% to less than 50%	0.50
Less than 45%	0.00

১৮. মৌখিক পরীক্ষা:

- (ক) ২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২, ২০১২-১৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃতদের প্রত্যেক প্রোগ্রামের ২য় বর্ষ এবং ৪র্থ বর্ষ শেষে ৫০ নম্বর করে মোট ১০০ নম্বরের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে যা মোট $2 \times 2 = 4$ ক্রেডিট হিসেবে গণ্য হবে। প্রত্যেক ছাত্র-ছাত্রীকে ২টি পৃথক মৌখিক পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। ২টি মৌখিক পরীক্ষার মোট নম্বর যোগ করে তার ভিত্তিতে LG, GP ও EPS নির্ণয় করে একজন পরীক্ষার্থীর CGPA নির্ণয় করা হবে। অভ্যন্তরীণ ও বহিঃপরীক্ষক মৌখিক পরীক্ষা গ্রহণ করবে। বহিঃপরীক্ষক ছাড়া কোন মৌখিক পরীক্ষা গ্রহণযোগ্য হবে না।
- (খ) ২০১৩-১৪ শিক্ষাবর্ষ থেকে শুধুমাত্র ৪র্থ বর্ষে ১০০ নম্বর অর্থাৎ ৪ ক্রেডিটের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- (গ) একজন শিক্ষার্থী যদি মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণে ব্যর্থ হয় তাহলে পরীক্ষা কমিটি/ পরীক্ষা নিয়ন্ত্রক উপাচার্যের অনুমোদন সাপেক্ষে বিশেষ ক্ষেত্রে (লিখিত প্রমাণাদি) সংশ্লিষ্ট পরীক্ষার ফলাফল প্রকাশের পূর্বে নির্ধারিত অতিরিক্ত ফি প্রদান করে বিশেষ বিবেচনায় মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে। সে ক্ষেত্রে পরীক্ষার্থীকে মৌখিক পরীক্ষা অনুষ্ঠানের যাবতীয় খরচ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নির্ধারিত হারে বহন করতে হবে।
- (ঘ) মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে একজন শিক্ষার্থী শুধুমাত্র একবার পরবর্তী শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের সাথে ১০০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

- (ঙ) পরীক্ষা নিয়ন্ত্রক, সংশ্লিষ্ট ডীন ও প্রো-ভাইস-চ্যান্সেলর (একাডেমিক) এর সুপারিশসহ ভাইস-চ্যান্সেলর এর অনুমোদনক্রমে পরীক্ষার তারিখ ও পরীক্ষকগণের তালিকা (তত্ত্বীয়, ব্যবহারিক, মৌখিক, ফিল্ড ওয়ার্ক) প্রকাশ করবেন। মৌখিক/ব্যবহারিক/মাঠকর্ম পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয়ের মনোনীত প্রতিনিধি ছাড়া গ্রহণ করা যাবে না। এরূপ পরীক্ষা গ্রহণের জন্য মনোনীত কোন শিক্ষক দায়িত্ব পালন না করলে বা করতে ব্যর্থ হলে পরীক্ষা নিয়ন্ত্রকের পূর্বানুমতি গ্রহণপূর্বক নিকটবর্তী কোন কলেজ হতে একজন উপযুক্ত শিক্ষককে দিয়ে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করা যাবে এবং সঙ্গে সঙ্গে বিষয়টি লিখিতভাবে পরীক্ষা নিয়ন্ত্রককে অবহিত করতে হবে। বিশ্ববিদ্যালয়ের পূর্বানুমতি ছাড়া অন্য কোন শিক্ষককে দিয়ে পরীক্ষা গ্রহণ করা যাবে না। প্রতিদিন অনধিক ৪০ (চল্লিশ) জন পরীক্ষার্থীর ব্যবহারিক/মৌখিক পরীক্ষা গ্রহণ করা যাবে।
- (চ) মৌখিক/ব্যবহারিক পরীক্ষা শেষ হওয়ার ৭ দিনের মধ্যে কলেজ কর্তৃপক্ষকে মৌখিক/ ব্যবহারিক পরীক্ষার নম্বর যথারীতি বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করতে হবে এবং এর একটি কপি অধ্যক্ষের নিজ দায়িত্বে গোপনীয়ভাবে সংরক্ষণ করতে হবে।

১৯. গ্রেড উন্নীতকরণ:

- (ক) একজন শিক্ষার্থী ১ম/২য়/৩য়/৪র্থ বর্ষের জিপিএ উন্নীতকরণের জন্য শুধুমাত্র C গ্রেড বা ২.২৫ এর কম প্রাপ্ত কোর্সে ঠিক পরবর্তী ব্যাচের পরীক্ষার সময় চলতি সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ পাবে। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে। মানোন্নয়নের ক্ষেত্রে ১ম অথবা ২য় বারের পরীক্ষার মধ্যে যে গ্রেড উচ্চতর হবে তা যোগ করা হবে এবং তার ভিত্তিতেই ফলাফল নির্ধারণ করা হবে।
- (খ) ইন-কোর্সে, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় মান উন্নয়নের কোন সুযোগ থাকবে না।
- (গ) বিভাগীয় প্রধান অধ্যক্ষের মাধ্যমে মান উন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণেইচ্ছুক শিক্ষার্থীদের তালিকা ফরম পূরণের শেষ তারিখের পর পরই জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের কাছে প্রেরণ করবে।

২০. ডিগ্রি প্রাপ্তির যোগ্যতাসমূহ:

ব্যাচেলর (অনার্স) ডিগ্রি পেতে হলে একজন শিক্ষার্থীকে নিম্নোক্ত শর্তসমূহ পূরণ করতে হবে।

- (ক) CGPA এর ভিত্তিতে চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হবে।
- (খ) একজন শিক্ষার্থীকে সকল তত্ত্বীয়/ব্যবহারিক/টার্ম পেপার/মাঠকর্ম পরীক্ষায় অংশগ্রহণ করে অবশ্যই ন্যূনতম CGPA ২.০০ পেতে হবে। অন্যথায় সে উক্ত প্রোগ্রামে অকৃতকার্য বলে গণ্য হবে।
- (গ) প্রতিটি মৌখিক পরীক্ষায় পৃথকভাবে গ্রেড পয়েন্ট ২.০০ অর্জন করতে হবে। কোন বর্ষে মৌখিক পরীক্ষায় প্রয়োজনীয় GP অর্জনে ব্যর্থ হলে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে পরবর্তী ব্যাচের সাথে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।
- (ঘ) CGPA ৩.৭৫ থেকে ৪.০ প্রাপ্ত শিক্ষার্থীদের Distinction সহ অনার্স ডিগ্রি প্রদান করা হবে যা একাডেমিক ট্রান্সক্রিপ্টে উল্লেখ থাকবে।
- (ঙ) সকল কোর্সের (তত্ত্বীয়/ব্যবহারিক/ টার্ম পেপার/মাঠকর্ম/মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক এবং ন্যূনতম গ্রেড পয়েন্ট ২.০০ বা D গ্রেড পেয়ে পাশ করতে হবে।

২০. পাস ডিগ্রি:

- ক) ১ম, ২য়, ৩য় বা ৪র্থ বর্ষে F গ্রেড পাওয়া কোর্সগুলো রেজিস্ট্রেশন মেয়াদে (শুরু থেকে ছয় শিক্ষাবর্ষের মধ্যে) অবশ্যই D বা উচ্চতর গ্রেডে উন্নীত করতে হবে। তবে F গ্রেড প্রাপ্ত কোর্স পরবর্তীতে পরীক্ষার মাধ্যমে উন্নীত করার ক্ষেত্রে ফলাফল যাই হোক না কেন একজন পরীক্ষার্থী সর্বোচ্চ B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না। উল্লেখ্য যে, কোন কোর্সে F গ্রেড থাকলে পরীক্ষার্থী অনার্স ডিগ্রী পাবে না।
- খ) রেজিস্ট্রেশন মেয়াদ শেষে কোন পরীক্ষার্থী একাধিক F গ্রেডসহ ন্যূনতম ১০০ Credit অর্জন করলে তাকে পাস ডিগ্রী প্রদান করা হবে।
- গ) চার বছরের অনার্স কোর্স সম্পন্ন করার পর কোন কোর্সে F সহ কোন ছাত্র CGPA ২.০০ পেয়ে থাকলে তাকে পাস ডিগ্রি দেয়া যাবে তবে কোন কোর্সের পরীক্ষায় Absent থাকলে তাকে কোন ডিগ্রী প্রদান করা হবে না।

২২. ট্রান্সক্রিপ্টস (Transcripts):

বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে প্রত্যেক বর্ষের ফলাফলের ট্রান্সক্রিপ্ট প্রদান করা হবে। একাডেমিক ট্রান্সক্রিপ্ট- গ্রেড, Corresponding গ্রেড পয়েন্ট GPA, CGPA দেয়া হবে এবং এতে কোন গাণিতিক নম্বর থাকবে না।

(প্রফেসর ড. ফকির রফিকুল আলম)

ডীন (ভারপ্রাপ্ত)

কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোনঃ ৯২৯১০৩০ (অফিস)।

National University Bachelor of Honours Courses



According to new curriculum (Grading & Credit System)
(Questions will be set from recommended textbooks)

Distribution of Marks in Question Paper

Effective from: Session 2009-2010

For 1st & 2nd Year Honours Course

Full Marks:100

Time of Examination: 4 Hours

Question Types		Details	Marks
Part-A	Shortest Questions (such as definition/ Quizes) (Covering all the chapters of the syllabus.)	20 questions out of 24 such as question number 1. (a) – (x)	(1×20)=20
Part-B	Short Questions (such as Conceptual/Numerical) (Covering all the chapters of the syllabus.)	5 Questions Out of 8 Question will be divided into 2 parts, such as question 2.(A) & (B). Questions no. 2 – 9.	(4+4)×5=40
Part-C	Broad Questions (such as Analytical/Conceptual/Numerical)	4 Questions Out of 7 (Question may be divided into 10. (i),(ii),(iii) etc subsections.) For mathematical/numerical questions this condition may be relaxed) Questions no. 10 – 16.	(4×10)=40
		Total	100

According to new curriculum (Grading & Credit System)
(Questions will be set from recommended textbooks)
Distribution of Marks in Question Paper
Effective from: Session 2009-2010
For 1st & 2nd Year Honours Course

Full Marks: 50

Time of Examination: 2.5 Hours

Question Types		Details	Marks
Part-A	Shortest Questions (such as definition/ Quizes) (Covering all the chapters of the syllabus.)	10 questions out of 12 such as question number 1. (a) – (l)	(1×10)=10
Part-B	Short Questions (such as Conceptual/Numerical) (Covering all the chapters of the syllabus.)	5 Questions Out of 8 such as question number 2, 3, etc.to 9.	(4×5)=20
Part-C	Broad Questions (such as Analytical/Conceptual/Numerical)	2 Questions Out of 4 (Question may be divided into. (i),(ii),(iii) etc subsections.) For mathematical/numerical questions this condition may be relaxed Question no. 10 -13.	(10×2)=20
Total			50

According to new curriculum (Grading & Credit System)
(Questions will be set from recommended textbooks)
Distribution of Marks in Question Paper
Effective from: Session 2009-2010
For 3rd & 4th Year Honours Course

Full Marks: 100

Time of Examination: 4 Hours

Question Types		Details	Marks
Part-A	Shortest Questions (such as definition/ Quizes) (Covering all the chapters of the syllabus.)	10 questions out of 12 1(a-l).	(1×10)=10
Part-B	Short Questions (such as Conceptual/Numerical) (Covering all the chapters of the syllabus.)	5 Questions Out of 8 Question no. 2 -9.	(4×5)=20
Part-C	Broad Questions (such as Analytical/Conceptual/Numerical)	5 Questions Out of 8 (Question may be divided into. (i),(ii),(iii) etc subsections.) Question no. 10 -17.	(10×5)=50
Final Exam:			80
In course Test will be conducted by the course teacher as per the instruction of the ordinance.			20
Total			100

According to new curriculum (Grading & Credit System)
(Questions will be set from recommended textbooks)
Distribution of Marks in Question Paper
Effective from: Session 2009-2010
For 3rd & 4th Year Honours Course

Full Marks: 50

Time of Examination: 2.5 Hours

Question Types		Details	Marks
Part-A	Shortest Questions (such as definition/ Quizes) (Covering all the chapters of the syllabus.)	8 questions out of 10 such as question number 1. (a) – (h)	(1x8)=8
Part-B	Short Questions (such as Conceptual/Numerical) (Covering all the chapters of the syllabus.)	3 Questions Out of 5 such as question number 2 – 6.	(4x3)=12
Part-C	Broad Questions (such as Analytical/Conceptual/Numerical)	2 Questions Out of 4 (Question may be divided into (i),(ii),(iii) etc subsections) For mathematical/numerical questions this condition may be relaxed Questions no. 7 -10.	(10x2)=20
		Final Exam.	40
In course Test will be conducted by the course teacher as per the instruction of the ordinance.			10
			Total
			50

According to new curriculum (Grading & Credit System)
(Questions will be set from recommended textbooks)
Distribution of Marks in Question Paper
Effective from: Session 2012-2013
For 1st, 2nd, 3rd & 4th Year Honours Course

Full Marks: 100

Time of Examination: 4 Hours

Question Types		Details	Marks
Part-A	Shortest Questions (such as definition/ Quizes) (Covering all the chapters of the syllabus.)	10 questions out of 12 1(a-1).	(1x10)=10
Part-B	Short Questions (such as Conceptual/Numerical) (Covering all the chapters of the syllabus.)	5 Questions Out of 8 Question no. 2 -9.	(4x5)=20
Part-C	Broad Questions (such as Analytical/Conceptual/Numerical)	5 Questions Out of 8 (Question may be divided into. (i),(ii),(iii) etc subsections.) Question no. 10 -17.	(10x5)=50
		Final Exam:	80
In course Test will be conducted by the course teacher as per the instruction of the ordinance.			20
			Total
			100

According to new curriculum (Grading & Credit System)
(Questions will be set from recommended textbooks)

Distribution of Marks in Question Paper

Effective from: Session 2012-2013

For 1st, 2nd, 3rd & 4th Year Honours Course

Full Marks: 50

Time of Examination: 2.5 Hours

Question Types		Details	Marks
Part-A	Shortest Questions (such as definition/ Quizes) (Covering all the chapters of the syllabus.)	8 questions out of 10 such as question number 1. (a) – (h)	(1x8)=8
Part-B	Short Questions (such as Conceptual/Numerical) (Covering all the chapters of the syllabus.)	3 Questions Out of 5 such as question number 2 – 6.	(4x3)=12
Part-C	Broad Questions (such as Analytical/Conceptual/Numerical)	2 Questions Out of 4 (Question may be divided into (i),(ii),(iii) etc subsections) For mathematical/numerical questions this condition may be relaxed Questions no. 7 -10.	(10x2)=20
		Final Exam.	40
In course Test will be conducted by the course teacher as per the instruction of the ordinance.			10
		Total	50

ছুটির তালিকা ২০১৪

ছুটি	তারিখ	বার
ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) *	৪ জানুয়ারি	রবিবার
শ্রী শ্রী সরস্বতী পূজা	২৫ জানুয়ারি	রবিবার
ফাতেহা-ই-ইয়াজদাহম *	০১ ফেব্রুয়ারি	রবিবার
মাঘী পূর্ণিমা *	০৩ ফেব্রুয়ারি	মঙ্গলবার
শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস	২১ ফেব্রুয়ারি	শনিবার
শুভ দোলযাত্রা	৫ মার্চ	বৃহস্পতিবার
জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস	১৭ মার্চ	মঙ্গলবার
স্বাধীনতা ও জাতীয় দিবস	২৬ মার্চ	বৃহস্পতিবার
উচ্চ মাধ্যমিক পরীক্ষা, ইস্টার সানডে, বাংলা নববর্ষ ও গ্রীষ্মকালীন অবকাশ	০১-১৬ এপ্রিল	বুধবার-বৃহস্পতিবার
মে দিবস	০১ মে	শুক্রবার
বুদ্ধ পূর্ণিমা (বৈশাখী পূর্ণিমা) *	০৩ মে	রবিবার
শব-ই-মিরাজ *	১৭ মে	রবিবার
শব-ই-বরাত *	০৩ জুন	বুধবার
পবিত্র রমজান, জুমাতুল বিদা *, শব-ই-কদর * ও ঈদ-উল-ফিতর *	০৫ জুলাই-২১ জুলাই	ববিবার-মঙ্গলবার
জাতীয় শোক দিবস	১৫ আগস্ট	শনিবার
শুভ জন্মাষ্টমী	০৫ সেপ্টেম্বর	শনিবার
পবিত্র ঈদ-উল-আযহা	২১ - ৩০ সেপ্টেম্বর	সোমবার-বুধবার
হিজরী নববর্ষ	১৫ অক্টোবর	বৃহস্পতিবার
দুর্গাপূজা (বিজয়া দশমী), * পবিত্র আশুরা * ও শ্রী শ্রী লক্ষ্মীপূজা	২০-২৭ অক্টোবর	মঙ্গল-মঙ্গলবার
শ্রী শ্রী কালী/শ্যামা পূজা	১০ নভেম্বর	মঙ্গলবার
আখেরী চাহার সোম্বা *	৯ ডিসেম্বর	বুধবার
বিজয় দিবস, ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) *, যীশু খ্রীস্টের জন্মদিন (বড় দিন) ও শীতকালীন অবকাশ	১৬-৩১ ডিসেম্বর	বুধবার-বৃহস্পতিবার